BGMEA

সার্কুলার নংঃ বিজিএ/কাস/২০২৪/ ৬৮ তারিখঃ ২১/০৩/২০২৪

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ বন্ড লাইসেন্সের আওতায় শতভাগ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক বেনাপোল কাস্টম হাউস, ভোমরা, সোনামসজিদ ও বাংলাবান্ধা কাস্টমস স্টেশনের মাধ্যমে সুতা আমদানি প্রসঙ্গে।**

**সূত্রঃ** (ক) জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং০৮.০১.০০০০.০৫৫.৩৭.০০১.২০(অংশ-২)/৬৫, তারিখ: ২০/০৩/২০২৪।
(খ) জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং ১১/২০২৪/কাস্টমস, তারিখ: ১৮/০৩/২০২৪।
(গ) জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং ০১/২০২৩/কাস্টমস, তারিখ: ০৮/০১/২০২৩।

আপনাদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেনাপোল কাস্টম হাউস, ভোমরা, সোনামসজিদ, বাংলাবান্ধা কাস্টমস স্টেশনের মাধ্যমে সুতা আমদানির ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড সূত্রোক্ত 'গ' আদেশ সংশোধনপূর্বক আদেশ নং ১১/২০২৪/কাস্টমস, তারিখ: ১৮/০৩/২০২৪ জারী করেছে।

এছাড়াও, জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং ০১/২০২৩/কাস্টমস, তারিখ: ০৮/০১/২০২৩ জারীর তারিখ হতে আদেশ নং ১১/২০২৪/কাস্টমস, তারিখ: ১৮/০৩/২০২৪ জারীর তারিখ পর্যন্ত বিভিন্ন কাস্টমস স্টেশনে যে সকল পণ্যচালান পূর্ববর্তী আদেশের শর্তাধীনে খালাস প্রদান করা যায়নি, সেসকল পণ্যচালান সূত্রোক্ত 'খ' আদেশে বর্ণিত পদ্ধতিতে খালাস প্রদান করার নির্দেশনা প্রদান করা হয়েছে।

আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে জাতীয় রাজস্ব বোর্ডের সূত্রোক্ত আদেশ ও নির্দেশনার কপি এতদ্সঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

২১/৩/২০২৪

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

Shahinur-customs



BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
আগারগাঁও, ঢাকা।
[কাস্টমস: আন্তর্জাতিক বাণিজ্য ও চুক্তি শাখা]

"আদেশ"

আদেশ নং- ১১/২০২৪/কাস্টমস তারিখ: ১৮/০৩/২০২৪ খ্রি.।

বিষয়: এস.আর.ও নং- ২৯৬-আইন/২০২৩/১৯৭/কাস্টমস; তারিখ: ৩১ অক্টোবর, ২০২৩ খ্রি. মোতাবেক কাস্টমস বন্ড লাইসেন্স প্রাপ্ত শতভাগ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক সুতা আমদানি প্রসংগে।

বিষয়োল্লিখিত এসআরও অনুযায়ী কাস্টমস বন্ড লাইসেন্স প্রাপ্ত শতভাগ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক নিম্নরূপ শর্তে সুতা আমদানি করা যাবে:

শর্তাদি

(ক) আমদানিকারক প্রতিষ্ঠানকে অবশ্যই বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সধারী হতে হবে এবং লাইসেন্স হালনাগাদ নবায়ন থাকতে হবে;
(খ) সুতা আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশে বর্ণিত আদেশসমূহ প্রতিপালন করতে হবে;
(গ) বার্ষিক আমদানি প্রাপ্যতা/ইউডি/আইপির ভিত্তিতে আমদানি করতে হবে;
(গ) পণ্যের শুল্কায়নকালে ওজন নিশ্চিত করতে হবে। এছাড়াও, ঝুঁকি ব্যবস্থাপনার ভিত্তিতে পণ্যের কায়িক পরীক্ষা এবং কাউন্ট পরিমাপক মেশিনে সুতার কাউন্ট যাচাই করতে হবে;
(ঘ) খালাসোত্তর আমদানি তথ্য সংশ্লিষ্ট কাস্টমস স্টেশন/হাউস কর্তৃক নিম্ন বর্ণিত ছকে বন্ড সংক্রান্ত সংশ্লিষ্ট কমিশনারেটে এবং প্রতিষ্ঠানের লিয়েন ব্যাংক কে তাৎক্ষণিকভাবে ইমেইলে জানাতে হবে:

| ক্র: নং | বিল অব এন্ট্রি নং ও তারিখ | আমদানি-কারকের নাম ও ঠিকানা | বিন নম্বর | বন্ড লাইসেন্স নং | ইউডি নং (সংশোধনীসহ) /আইপি নং/ আমদানি প্রাপ্যতার স্মারক নং ও তারিখ | এলসি/সেলস কন্ট্রাক্ট/টিটি নং ও তারিখ (প্রযোজ্য ক্ষেত্রে) | ইনভয়েস নং ও তারিখ | আমদানিকৃত সুতার বিবরণ ও এইচ এস কোড | আমদানিকৃত সুতার পরিমাণ ও মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| | | | | | | | | | | |

(ঙ) পণ্য ছাড়করণের পূর্বে সংশ্লিষ্ট কাস্টমস স্টেশন/হাউস কর্তৃক প্রতিষ্ঠানের পাশ বইয়ে (প্রযোজ্য ক্ষেত্রে) আমদানি তথ্য লিপিবদ্ধ নিশ্চিত করে পণ্য খালাস প্রদান করবে;
(ছ) বন্ড সংক্রান্ত সংশ্লিষ্ট কমিশনারেট প্রাপ্ত তথ্যসমূহের ভিত্তিতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বন্ডেড ওয়্যারহাউসে ইন্টু বন্ড নিশ্চিত করবে;
(জ) আমদানি সংশ্লিষ্ট কাস্টমস স্টেশন/হাউস হতে প্রাপ্ত তথ্য বন্ড সংক্রান্ত সংশ্লিষ্ট কমিশনারেট যাচাই করবে। কোন অনিয়ম পরিলক্ষিত হলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে এবং সংশ্লিষ্ট কাস্টমস স্টেশন/হাউসকে অবহিত করবে।

০২। এতদবিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং- ০১/২০২৩/কাস্টমস; তারিখ- ০৮/০১/২০২৩ খ্রি: এতদ্বারা বাতিল করা হলো।

০৩। The Customs Act'1969 এর Section 219(B) এর ক্ষমতাবলে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

18/03/2024
(ওমর মবিন)
দ্বিতীয় সচিব (কাস্টমস: আন্তর্জাতিক বাণিজ্য ও চুক্তি)
ফোন:+৮৮০২ ২২২২১৭৮৫৩
ই-মেইল: cus.ita.nbr@gmail.com

নথি নং- ০৮.০১.০০০০.০৫৫.৩৭.০০১.২০(অংশ-২)/ ৮৬ তারিখ: ১৮/০৩/২০২৪ খ্রি.।

বিতরণ কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/মোংলা/আইসিডি/পানগাঁও।
২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা(উত্তর)/ঢাকা(দক্ষিণ)/চট্টগ্রাম।

D:\Onedrive CIT\Customs Int. Trade & Agreement\New Folder\Benapole\Thread Order.Docx

৩। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট,ঢাকা(উত্তর)/ঢাকা(দক্ষিণ)/ঢাকা(পূর্ব)/ঢাকা(পশ্চিম)/চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/যশোর/রাজশাহী/রংপুর/সিলেট।

৪। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

৫। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।

৬। প্রথম সচিব (কাস্টমস)-সকল, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৭। পরিচালক, ফরেন এক্সচেঞ্জ পলিসি ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, হেড অফিস, মতিঝিল বা/এ, ঢাকা [তাঁকে উক্ত আদেশ মোতাবেক ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে এলসি (ঋণপত্র) ওপেনকারী সংশ্লিষ্ট সকল ব্যাংককে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো]।

৮। সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, মতিঝিল, ঢাকা।

৯। সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা।

১০। সভাপতি, বিকেএমইএ, প্ল্যানার্স টাওয়ার, বাংলামোটর, ঢাকা।

১১। সভাপতি, বিটিএমএ, ইউনিক ট্রেড সেন্টার, কাওরান বাজার, ঢাকা।

Omar Mabin 8/03/2024

(ওমর মবিন)
দ্বিতীয় সচিব (কাস্টমস: আন্তর্জাতিক বাণিজ্য ও চুক্তি)

D:\Onedrive\CIT Customs Int. Trade & Agreement\New Folder\Benapole\Thread Order.Docx2

**ইমেইল মারফত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
আগারগাঁও, ঢাকা।
[কাস্টমস: আন্তর্জাতিক বাণিজ্য ও চুক্তি শাখা]

নথি নং- ০৮.০১.০০০০.০৫৫.৩৭.০০১.২০(অংশ-২)/ ৬৫ তারিখ: ২০ /০৩/২০২৪ খ্রি.।

বিষয়: জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং-১১/২০২৪/কাস্টমস; তারিখ: ১৮/০৩/২০২৪ খ্রি. মোতাবেক আমদানিকৃত সুতা খালাস প্রদান প্রসংগে।

এস.আর.ও নং- ২৯৬-আইন/২০২৩/১৯৭/কাস্টমস; তারিখ: ৩১ অক্টোবর, ২০২৩ খ্রি. মোতাবেক কাস্টমস বন্ড লাইসেন্স প্রাপ্ত শতভাগ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক সুতা আমদানির লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড হতে আদেশ নং- ১১/২০২৪/কাস্টমস; তারিখ: ১৮/০৩/২০২৪ খ্রি. জারী করা হয়েছে। জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং- ০১/২০২৩/কাস্টমস; তারিখ: ০৮/০১/২০২৩ খ্রি: জারীর তারিখ হতে আদেশ নং- ১১/২০২৪/কাস্টমস; তারিখ: ১৮/০৩/২০২৪ খ্রি. জারীর তারিখ পর্যন্ত বিভিন্ন কাস্টমস স্টেশনে যে সকল পণ্যচালান পূর্ববর্তী আদেশের শর্তাধীনে খালাস প্রদান করা যায়নি, সেসকল পণ্যচালান বর্তমান আদেশ নং- ১১/২০২৪/কাস্টমস; তারিখ: ১৮/০৩/২০২৪ খ্রি. তে বর্ণিত পদ্ধতিতে খালাস প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: আদেশসমূহ-০৪ (চার) পাতা।

Omar Mabin 20/03/2024

(ওমর মবিন)
দ্বিতীয় সচিব (কাস্টমস: আন্তর্জাতিক বাণিজ্য ও চুক্তি)
ফোন:+৮৮০২ ২২২২১৭৮৫৩
ই-মেইল: cus.ita.nbr@gmail.com

<u>বিতরণ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/মোংলা/আইসিডি/পানগাঁও।
২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা(উত্তর)/ঢাকা(দক্ষিণ)/চট্টগ্রাম।
৩। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট,ঢাকা(উত্তর)/ঢাকা(দক্ষিণ)/ঢাকা(পূর্ব)/ঢাকা(পশ্চিম)/চট্টগ্রাম/ কুমিল্লা/খুলনা/যশোর/রাজশাহী/রংপুর/সিলেট।
৪। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
৫। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
৬। প্রথম সচিব (কাস্টমস)-সকল, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৭। সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, মতিঝিল, ঢাকা।
৮। সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা।
৯। সভাপতি, বিকেএমইএ, প্ল্যানার্স টাওয়ার, বাংলামোটর, ঢাকা।
১০। সভাপতি, বিটিএমএ, ইউনিক ট্রেড সেন্টার, কাওরান বাজার, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।
[কাস্টমস: আন্তর্জাতিক বাণিজ্য ও চুক্তি শাখা]

**"আদেশ"**

আদেশ নং- ০১/২০২৩/কাস্টমস　　　　　　　　　　তারিখ: ০৮/০১/২০২৩খ্রি.।

বিষয়: এস.আর.ও নং- ৩৭-আইন/২০২২/৫৩/কাস্টমস; তারিখ: ২৪ ফেব্রুয়ারি, ২০২২ খ্রি. (সংশোধনী- এস.আর.ও নং- ৩৬৮-আইন/২০২২/১৩৯/কাস্টমস; তারিখ: ২১ ডিসেম্বর, ২০২২ খ্রি. সহ) মোতাবেক কাস্টমস বন্ড লাইসেন্স প্রাপ্ত শতভাগ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক বেনাপোল কাস্টম হাউস, ভোমরা, সোনামসজিদ, বাংলাবান্ধা কাস্টমস স্টেশনের মাধ্যমে সুতা আমদানি প্রসংগে।

বিষয়োল্লিখিত এসআরও অনুযায়ী কাস্টমস বন্ড লাইসেন্স প্রাপ্ত শতভাগ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক বেনাপোল কাস্টম হাউস, ভোমরা, সোনামসজিদ, বাংলাবান্ধা কাস্টমস স্টেশনের মাধ্যমে নিম্নরূপ শর্তে সুতা আমদানি করা যাবে:

শর্তাদি

(ক) বন্ড কমিশনারেট হতে প্রাপ্ত বৈধ বন্ড লাইসেন্সের বিপরীতে লাইসেন্সের মেয়াদ থাকা সাপেক্ষে সুতা আমদানিযোগ্য হবে;
(খ) বন্ড কমিশনারেট কর্তৃক নির্ধারিত বার্ষিক আমদানি প্রাপ্যতার ভিত্তিতে আমদানি করতে হবে;
(গ) Back to Back LC এর বিপরীতে আমদানিযোগ্য হবে;
(ঘ) পণ্যের শুল্কায়নকালে ওজন নিশ্চিত করতে হবে। এছাড়াও, দৈবচয়নের ভিত্তিতে পণ্যের কায়িক পরীক্ষা সম্পন্ন করতে হবে;
(ঙ) ইউডি'র বিপরীতে আমদানি সমন্বয়যোগ্য হবে;
(চ) খালাসোত্তর আমদানি তথ্য বেনাপোল কাস্টম হাউস কর্তৃক একটি নির্দিষ্ট ছকে বন্ড কমিশনারেট এবং সংশ্লিষ্ট ব্যাংককে তাৎক্ষণিকভাবে ইমেইলে জানাতে হবে;
(ছ) বন্ড কমিশনারেট প্রাপ্ত তথ্যসমূহের ভিত্তিতে সংশ্লিষ্ট বন্ডারের বন্ডেড গুদামে পণ্য in bond কার্যক্রম সম্পাদিত হয়েছে কিনা এবং পাশ বইয়ে লিপিবদ্ধ করা হয়েছে কিনা ইত্যাদি বিষয় যাচাই করবে। এছাড়া, আমদানি-রপ্তানি বিষয়ে কাস্টম হাউস, বেনাপোল কর্তৃক প্রেরিত তথ্য এবং সংশ্লিষ্ট ব্যাংক দলিলাদি যাচাই করবে। কোন অনিয়ম পরিলক্ষিত হলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে;
(জ) এ বিষয়ে বন্ড কমিশনারেট প্রতি মাসে জাতীয় রাজস্ব বোর্ডে (কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখায়) প্রতিষ্ঠান ভিত্তিক আমদানি-রপ্তানি তথ্য সম্বলিত একটি প্রতিবেদন প্রেরণ করবে। প্রতিবেদনের সাথে এর সফট কপি (Excel Format-এ) প্রেরণ করতে হবে;

০২। এতদবিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং- ২৪/২০১১, তারিখ- ০৭/১২/২০১১ এতদ্বারা বাতিল করা হলো।

০৩। The Customs Act'1969 এর Section 219(B) এর ক্ষমতাবলে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(স্বাক্ষরিত)
(ওমর মবিন)
দ্বিতীয় সচিব (কাস্টমস: আন্তর্জাতিক বাণিজ্য ও চুক্তি)
ফোন: +৮৮০২ ৪৮৩১৮১০৪ (এক্স-৩০৫)
ই-মেইল: cus.ita.nbr@gmail.com

নথি নং- ০৮.০১.০০০০.০৫৫.৩৭.০০১.২০(অংশ-২)/ ০২　　　　　　　　　　তারিখ: ০৮/০১/২০২৩ খ্রি.।

বিতরণ কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/মোংলা/আইসিডি/পানগাঁও।
২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা(উত্তর)/ঢাকা(দক্ষিণ)/চট্টগ্রাম।
৩। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট,ঢাকা(উত্তর)/ঢাকা(দক্ষিণ)/ঢাকা(পূর্ব)/ঢাকা(পশ্চিম)/চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/যশোর/রাজশাহী/রংপুর/সিলেট।

৪। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
৫। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
৬। প্রথম সচিব (কাস্টমস)-সকল, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৭। পরিচালক, ফরেন এক্সচেঞ্জ পলিসি ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, হেড অফিস, মতিঝিল বা/এ, ঢাকা [তাঁকে উক্ত আদেশ মোতাবেক ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে এলসি (ঋণপত্র) ওপেনকারী সংশ্লিষ্ট সকল ব্যাংককে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো]।
৮। সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি, মতিঝিল, ঢাকা।
৯। সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা।
১০। সভাপতি, বিকেএমইএ, প্ল্যানার্স টাওয়ার, বাংলামোটর, ঢাকা।
১১। সভাপতি, বিটিএমইএ, ইউনিক সেন্টার, কাওরান বাজার, ঢাকা।

Omar Mabin
০৪/০১/২০২৩
(ওমর মবিন)
দ্বিতীয় সচিব (কাস্টমস: আন্তর্জাতিক বাণিজ্য ও চুক্তি)